

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত পলিথিন ব্যাগ উৎপাদন কারখানায় মোবাইল কোর্ট পরিচালনা করে ৩ লক্ষ টাকা জরিমানা ও ৬ লক্ষাধিক টাকার মালামাল জব্দ।

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে অদ্য ২৪/০৮/২০২০ তারিখে পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তরের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কাজী তামজীদ আহমেদ, কামালবাগ, পূর্বইসলামবাগ, চকবাজার, ঢাকা এলাকায় অবস্থিত নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদনকারী ২ টি অবৈধ কারখানায় মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৩ লক্ষ টাকা জরিমানা আদায় করা হয় এবং প্রায় ৬০০০ কেজি পলিথিন সামগ্রি জব্দ করা হয় যার অনুমানিক বাজারমূল্য প্রায় ৬ লক্ষ টাকা।

উল্লেখ্য, নিয়মিত মনিটরিং কার্যক্রমের অংশ হিসেবে এনফোর্সমেন্ট উইং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের বিভিন্ন স্থানে পলিথিন উৎপাদন, মজুদ ও বাজারজাতকরণকারী বিভিন্ন প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে। আজ কামালবাগ, পূর্বইসলামবাগ, ঢাকায় অবস্থিত আবদুল্লাহ প্যাকেজিং এবং অন্য একটি নামবিহীন কারখানায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। এ মোবাইল কোর্টে আবদুল্লাহ প্যাকেজিং কে ২ লক্ষ টাকা এবং অপর নামবিহীন কারখানার ম্যানেজারকে ১ লক্ষ টাকা জরিমানা করা হয়। এ সময় ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লালবাগের সহযোগিতায় কারখানা দুটির বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কারখানার উৎপাদন কার্যক্রম বন্ধ করে দেয়া হয়। পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তরের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কাজী তামজীদ আহমেদ বলেন নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বাজারজাত, মজুদকারীদের বিরুদ্ধে ভবিষ্যতে অভিযান আরো জোরদার করা হবে।

তারিখ : ২৪/০৮/২০২০

স্বাক্ষরিত/-

(মোঃ সামসুজ্জামান সরকার)

সহকারী পরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

মোবাইল নং ০১৭১৬৮৬১৮৪৮